মেহেরপুরে সম্প্রীতি ও আদর্শ সমাজ গঠনে ইমামদের ভূমিকা শীর্ষক আলোচনা সভা

মেহেরপুর পৌর ইমাম পরিষদের উদ্যোগে সামাজিক সম্প্রীতি ও আদর্শ সমাজ গঠনে ইমামদের ভূমিকা শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (২২ শে জুলাই) সকাল দশটায় মেহেরপুর কমিউনিটি সেন্টারে মেহেরপুর পৌর ইমাম পরিষদ এর আয়োজনে এ সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর পুরো ইমাম পরিষদের সভাপতি মাওলানা হাসানুজ্জামান এর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

আরো উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম, পুলিশ সুপার রাফিউল আলম, মেহেরপুর জেলা উলামা পরিষদের সভাপতি মাওলানা শরিফুল ইসলাম সহ বিভিন্ন উলামা ও ইমামগণরা।

এ সময় বক্তারা আদর্শ সমাজ গঠনের জন্য বিভিন্ন দিকনির্দেশনা মূলক বক্তব্য রাখে।